

১নং ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : খামারপাড়া, উপজেলা : বোয়ালমারী, জেলা : ফরিদপুর।

স্মারক নং ঘোষণা/ইউপি- /২০২৩ /

তারিখ : ০২/১০/২০২৩খ্রি:

ইউনিয়ন মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার স্থান : ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ : ০২-১০-২০২৩খ্রিঃ রোজ সোম বার।

সময় : সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর :

| ক্রমিকনং | উপস্থিত সদস্যদের নাম | পদবী | পদবী | স্বাক্ষর |
|----------|-------------------------|--------------------|--------|------------|
| ১. | জনাব মোঃ ইমরান হোসেন | ইউ.পি চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | জনাব সাবিনা বেগম | স:ম: সদস্য - ০১ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোছাঃ ফেরদৌসি খানম | স:ম: সদস্য - ০২ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোছাঃ আয়শা বেগম | স:ম: সদস্য - ০৩ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | জনাব ফুল মিয়া | সদস্য ০১ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মোঃ ফিরোজ মোল্যা | সদস্য ০২ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | জনাব মোঃ সেলিম হোসেন | সদস্য ০৩ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ কামরুল ইসলাম | সদস্য ০৪ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোঃ জিয়াউর রহমান | সদস্য ০৫ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১০. | জনাব নান্নু মিয়া | সদস্য ০৬ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১১. | জনাব মোঃ দেলোয়ার হোসেন | সদস্য ০৭ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১২. | জনাব মোঃ সামচুজ্জামান | সদস্য ০৮ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩. | জনাব তপন কুমার সরকার | সদস্য ০৯ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |

সভাপতিত্ব করেনঃ জনাব মোহাম্মদ ইমরান হোসেন, চেয়ারম্যান, ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।

আলোচ্যসূচীঃ

- গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বসতবাড়ীর হোল্ডিং ট্রান্স আদায় কৃত বাকী টাকা নিয়ে আলোচনা।
- ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃত্বভাতা অক্টোবর/২০২৩ মাসের মাতৃত্ব ভাতা সম্পর্কে ব্যপক আলোচনা।
- বিবিধ

১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : খামারপাড়া, উপজেলা : বোয়ালমারী, জেলা : ফরিদপুর।

আলোচনা ও সিদ্ধান্তঃ

১। অধ্যকার সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এর বিরুদ্ধে কোন প্রকার ওজর আপত্তি না থাকায় তা সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে অবগত করার যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বসতবাড়ীর হোল্ডিং ট্যাক্স বাবদ আদায়কৃত ৩,৫৪,০৭০ এবং ৭৭,৩১১/- টাক সর্ব মোট=৪,৩১,৩৮১ টাকা আদায় হয়েছে এর মধ্যে ২,৮৬,৫৬৪/-টাকা গত মাসে সম্মানী ও উন্নয়ন মূলক কাজে ব্যয় করা হয়েছে বাকি ১,৪৪,৮১৭/-টাকার প্রকল্প ও বাস্তবায়ন সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়। সভাপতি সাহেব বলেন উক্ত টাকা দিয়ে সকল ইউপি সদস্যর দুই মাসের সম্মানী ভাতা বাবদ ১,০৫,৬০০/- টাকা দেওয়ার অনুরোধ জানাই, ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ কামরুল ইসলাম বলেন আদায়কারী গ্রাম পুলিশের ১০% কমিশন বাবদ ৩৯,২১৭/-টাকা দেওয়া জন্য সুপারিশ করছি এ বিষয়ে সিদ্ধান্ত নিতে তিনি সকলকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা-আলোচনার পর নিম্নরূপ ভাবে ইউপির সকল সদস্যের আরও দুই মাসের সম্মানী ও আদায়কারীর ১০% কমিশন দেওয়ার জন্য স্থির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সমর্থনে গৃহীত হয়।

৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃভাতা অক্টোবর/২০২৩ মাসের জন্য উপকার ভোগী নির্বাচন করা প্রয়োজন। এই ব্যাপারে সভাপতি সাহেব বলেন প্রতি মাসের ন্যায় অক্টোবর/২০২৩ মাসে মাত্র আট মাতৃভাতা ভাতা আমাদের ইউনিয়ন হতে তালিকা উপজেলায় অনুমোদনের জন্য দিতে পারব। তিনি উপস্থিত সকল সদস্যকে অবগত করেন যে, আপনারা প্রত্যেক ওয়ার্ড হতে দুঃস্থ ও অসহায় লোককে নির্বাচন করবেন এবং যে সমস্ত মহিলা অক্টোবর/২০২৩ মাসে গর্ভকাল চার মাস হতে ছয় মাস তাদের নির্বাচন করার জন্য অনুরোধ করেন তিনি আরও বলেন বয়সসীমা ২০ থেকে ৩৫ বছর পর্যন্ত হতে হবে, পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে গর্ভকালীন সেবা (ANC) কার্ড থাকতে হবে, এই ভাতা ১ম ও ২য় সন্তানের ক্ষেত্রে পাবে এবং শুধু মাত্র ঘোষণাপত্র ইউপির জনগন এই সুবিধা পাবেন চেয়ারম্যান সাহেব সবাইকে অবগত করে বলেন অক্টোবর/২০২৩ মাসে অনরাইন আবেদন করতে হবে এবং প্রতি মাসে ৬টি আবেদন চূড়ান্ত ভাবে যাচাই বাচাই প্রক্রিয়া সম্পূর্ণ করে উপজেলায় ২২/১০/২০২৩ইং তারিখের মধ্যে স্বশরীরে আবেদনকারী আবেদন নিয়ে যেতে হবে। এ ব্যাপারে সভায় ব্যাপক আলোচনা করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মোহাম্মদ ইমরান হোসেন)

চেয়ারম্যান

১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

- ১। উপ পরিচালক স্থানীয় সরকার শাখা, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
- ৩। জনাব সদস্য, মাসিক সভা কমিটি (সকল)।
- ৪। নোটিশ বোর্ড।
- ৫। অফিস নথি।



(মোহাম্মদ রিফুল হোসেন)

সচিব

১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।